

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
প্রেস রিলিজ

প্রধানমন্ত্রীর আস্থার মর্যাদা রাখতে চাই-বাণিজ্য প্রতিমন্ত্রী

নাগরপুর/দেলদুয়ার, টাঙ্গাইল; ২৭ জানুয়ারি, শনিবার

বঙ্গবন্ধু কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে আস্থা ও বিশ্বাস রেখে বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়েছেন তা সততা-নিষ্ঠার সাথে পালন করে আস্থার মর্যাদা রাখতে চান বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু।



আজ টাঙ্গাইলে নিজ নির্বাচনী এলাকা দেলদুয়ার ও নাগরপুরে উপজেলা প্রশাসন আয়োজিত পৃথক নাগরিক সংবর্ধনা ও মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করে আহসানুল ইসলাম টিটু বলেন, নাগরপুর-দেলদুয়ারবাসী নিকট আমি কৃতজ্ঞ এবং চিরঋণী। দুই উপজেলার মানুষ নির্বাচনে ভোট দিয়ে আমাকে সংসদ সদস্য নির্বাচিত করেছেন। এরপর প্রধানমন্ত্রী প্রতিমন্ত্রী বানিয়েছেন। রাজনৈতিক জীবনে আমার আর চাওয়া পাওয়া নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে আস্থা ও বিশ্বাস নিয়ে দায়িত্ব দিয়েছেন তার যথাযথ ভাবে পালন করাই এখন মূল লক্ষ্য।



বাণিজ্য প্রতিমন্ত্রী জানান, আসন্ন রমজান মাসে টিসিবির মাধ্যমে এককোটি ফ্যামিলি কার্ডধারীদের পাঁচটি পণ্য দুই দফা ভুক্তিকি মূল্যে দেয়া হবে। রমজানকে কেন্দ্র করে দেশে নিত্যপ্রয়োজনীয় পণ্যের যথেষ্ট মজুত আছে। এসময় কৃত্রিম সংকট তৈরি করে বাজার অস্থিতিশীল না করার জন্য সকল ব্যবসায়ীদের আহ্বান জানান।



তিনি জানান, টিসিবি'র পণ্য আগে ট্রাকে করে বিক্রয় করা হতো। এখন ডিলারদের মাধ্যমে দেয়া হচ্ছে। কার্ডধারীরা ডিলারদের দোকান থেকে যাতে নিজেদের সুবিধামত সময়ে নিতে পারে সে শিগগিরই ব্যবস্থা নেয়া হবে।

বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, পণ্যের দাম কমানোর কোনো ম্যাজিক নেই তবে একটি সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করতে পারলে যেটাকে আমরা স্মার্ট বাজার ব্যবস্থাপনা বলছি। এটা করতে পারলে বাজারে পণ্য সরবরাহ বাড়বে এবং দ্রুততম সময়ের মধ্যে ভোক্তার নিকট ন্যায্যমূল্যে পৌঁছাবে। বাজারে দামের উপর প্রভাব পড়বে। আমদানিকারক এবং উৎপাদক থেকে ভোক্তা পর্যন্ত পণ্য পৌঁছানো নিরবিচ্ছিন্ন রাখা এখন মূল উদ্দেশ্য বলেও উল্লেখ করেন।



তিনি জানান, টাঙ্গাইলের ঐতিহ্য তীর্থ শিল্পকে আরো এগিয়ে নিতে নতুন পরিকল্পনা নেয়া হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা হস্তশিল্পকে এবছরের বর্ষপণ্য ঘোষণা করেছেন। এর প্রেক্ষিতে আমরা একটি গ্রাম একটি পণ্য স্লোগান নিয়ে কাজ শুরু করেছি। এক্ষেত্রে টাঙ্গাইল জেলা বিশেষ করে দেলদুয়ারের শীতল পাটি এবং মৃৎশিল্প নিয়ে কাজ করতে উপজেলা প্রশাসনকে নির্দেশনা দেন।

আহসানুল ইসলাম টিটু বলেন, দেশে ১৫ বছর ধরে উন্নয়ন ধারা অব্যাহত আছে কারণ দেশে গণতান্ত্রিক ধারা অব্যাহত রয়েছে। দেলদুয়ার ও নাগরপুর উন্নয়ন চলমান কাজ সমাপ্ত এবং নতুন প্রকল্প নিয়ে স্মার্ট বাংলাদেশে স্মার্ট নাগরপুর ও দেলদুয়ার প্রতিষ্ঠার অঙ্গীকার করেন তিনি।

প্রচার ও প্রকাশের অনুরোধসহ-

স্বাক্ষরিত/-

মোঃ হায়দার আলী

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

বাণিজ্য মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭২২০৯৫৫৮৫

ই-মেইল-pro2mincom@gmail.com